



ফ্যামিলি কার্ড সবার জন্য উন্মুক্ত করার ঘোষণা প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

সরকার ফ্যামিলি কার্ড কর্মসূচিকে সবার জন্য উন্মুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। তবে যাদের এই সহায়তা প্রয়োজন নেই, তারা স্বেচ্ছায় কার্ড গ্রহণ থেকে বিরত থাকবেন এমন প্রত্যাশার কথাও তিনি তুলে ধরেন।

সোমবার (১৬ মার্চ) দিনাজপুর শহরের গোর-এ-শহীদ ঈদগাহ ময়দান প্রাঙ্গণে জেলা বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) আয়োজিত সুধী সমাবেশ ও ইফতার অনুষ্ঠানে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন।

এর আগে বিকেলে প্রধানমন্ত্রী সমাজসেবা অধিদফতর পরিচালিত ভিক্ষাবৃত্তিতে সম্পৃক্ত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান উদ্যোগের অংশ হিসেবে ব্ল্যাক বেঙ্গল ছাগল বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন। পরে তিনি মূল সমাবেশে যোগ দেন।

সমাবেশে তারেক রহমান বলেন, গত কয়েক বছরে মানুষের প্রত্যাশা অনুযায়ী উন্নয়ন হয়নি। দীর্ঘ ১৭ বছরে যেসব কাজ সম্পন্ন হয়নি, সেগুলো অল্প সময়ের মধ্যে শেষ করা বাস্তবসম্মত নয় বলেও মন্তব্য করেন তিনি। একই সঙ্গে তিনি দেশ গড়ার কাজে সবাইকে এগিয়ে আসার আহ্বান জানান।